# ডেমরায় দুই বোমাসদৃশ বস্তু উদ্ধার করল সিটিটিসি



ছবি: সংগৃহীত

রাজধানীর ডেমরায় একটি বাড়ি থেকে দুটি বোমাসদৃশ বস্তু উদ্ধার করেছে পুলিশ। এ ঘটনায় একজনকে আটক করা হয়েছে। পরে ঘটনাস্থলে গিয়ে বস্তুগুলো পরীক্ষা ও নিষ্ক্রিয় করার কাজ শুরু করে সিটিটিসির বোমা নিষ্ক্রিয়কারী দল।

রোববার (১৬ আগস্ট) রাতে সিটিটিসির বোম ডিসপোজাল ইউনিটের এক কর্মকর্তা বিষয়টি জানান।

পুলিশ সূত্রে জানা গেছে, ডেমরা থানার পশ্চিম বক্সনগরের নিঝুমবাগ এলাকায় গরীবের নেওয়াজ মসজিদ রোডের একটি বাড়িতে বস্তু দুটির সন্ধান মেলে। সাম্প্রতিক সময়ে যাত্রাবাড়ীর জনপদ মোড়ে পুলিশের ওপর হামলার ঘটনায় জড়িতদের ধরতে অভিযান চালানোর সময় এগুলো পাওয়া যায়।

খবর পেয়ে সিটিটিসির বোম ডিসপোজাল ইউনিট ঘটনাস্থলে পৌঁছে। পরে উদ্ধার হওয়া দুটি বস্তুর মধ্যে একটি নিষ্ক্রিয় করা হয়। অন্য বস্তুটি নিষ্ক্রিয় করার প্রক্রিয়া তখনও চলছিল।

এ ঘটনায় উদ্ধার করা বোমাসদৃশ বস্তুসহ একজনকে হেফাজতে নেওয়া হয়েছে বলে জানিয়েছেন সংশ্লিষ্ট কর্মকর্তা।

LENS ASIA